অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ট্রান্সজেন্ডার দৃশ্যমানতার দিবস উদযাপন করে গভর্নর হোকল ঘোষণা জারি করেছেন

নিউ ইয়র্কে মার্চ 31 ট্রান্সজেন্ডার দৃশ্যমানতার দিবস হিসেবে ঘোষিত - ঘোষণাটি এখানে পড়ুন

ট্রান্সজেন্ডার দৃশ্যমানতার দিবস উদযাপনের উদ্দেশ্যে স্টেটের ল্যান্ডমার্কগুলি আলোকিত করা হবে

গভর্নর তার প্রশাসনের উন্মুক্তভাবে ট্রান্সজেন্ডার, জেন্ডার নন-কনফর্মিং এবং নন-বাইনারী সদস্যদের প্রতিনিধিত্বের ঐতিহাসিক স্তরকে স্বীকৃতি দিয়েছেন

গভর্নরের অফিসে ট্রান্সজেন্ডার সদস্যদের প্রতিনিধিত্ব দেখানো ভিডিও এখানে উপলব্ধ

গভর্নর ক্যাথি হোকল আজ 31শে মার্চ, 2022-কে ট্রান্সজেন্ডার দৃশ্যমানতার দিবস ঘোষণা করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট এবং সারা দেশের ট্রান্স সম্প্রদায় উদযাপন করে। গভর্নর আরও ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কগুলি আজ রাতে, 31শে মার্চ, ট্রান্সজেন্ডার দৃশ্যমানতার দিবস উদযাপনের জন্য গোলাপী, সাদা এবং হালকা নীল রঙে আলোকিত করা হবে এবং প্রকাশ্যে ট্রান্সজেন্ডার, জেন্ডার নন-কনফর্মিং এবং নন-বাইনারিদের প্রতিনিধিত্বের ঐতিহাসিক স্তরকে স্বীকৃতি দিয়েছে তার প্রশাসনের সদস্যরা।

"আজ আমরা নিউ ইয়র্ক স্টেট এবং সারা দেশে ট্রান্সজেন্ডার সম্প্রদায়ের সদস্যদের অগণিত অবদান তুলে ধরে ট্রান্সজেন্ডার দৃশ্যমানতার দিবস উদযাপন করছি," **গভর্নর হোকল বলেন।** "এই দিনটি বিশ্ব জুড়ে ট্রান্সজেন্ডার, জেন্ডার নন-কনফর্মিং এবং নন-বাইনারী মানুষদের মুখোমুখি হওয়া বৈষম্য সম্পর্কে সচেতনতা বাড়ায়। যখন অন্যান্য রাজ্যের আইনপ্রণেতারা তাদের ট্রান্সজেন্ডার ভোটদাতাদের ক্ষতি করে এমন বিল পাস করছেন, আমি ট্রান্সজেন্ডার সম্প্রদায়ের ন্যায়বিচার, সমতা এবং ন্যায্যতার লড়াইয়ে ট্রান্সজেন্ডার সম্প্রদায়কে সমর্থন করার উদ্দেশ্যে আমার সাথে কাজ করার জন্য ট্রান্স অভিজ্ঞতা সহ চারজন নিবেদিত এবং যোগ্য সরকারী কর্মচারী নিয়োগ করার কথা ঘোষণা করতে পেরে গর্বিত।"

গভর্নর তার প্রশাসনের নিম্নোক্ত ট্রান্সজেন্ডার, জেন্ডার নোন-কনফর্মিং এবং নন-বাইনারি ব্যক্তিদের নিয়োগ করার কথা ঘোষণা করেছেন:

প্রিয় নায়ার (দে/দেম) ডেপুটি চিফ ডাইভারসিটি অফিসার হিসেবে নিযুক্ত হন। অতি সম্প্রতি, প্রিয়া মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ পাবলিক হেলথ কেয়ার সিস্টেম, NYC হেলথ + হস্পিটালসের জেন্ডার ইক্যুইটির সহযোগী পরিচালক হিসেবে কাজ করেছেন। এর পূর্বে, প্রিয় ইনগরাল এডি উইন্ডসর, মার্শা পি. জনসন, এবং সিলভিয়া রিভেরা নিউ ইয়র্ক স্টেট LGBTQ ফেলো হিসেবে নিযুক্ত হয়েছিলেন যেখানে তারা গভর্নরের LGBTQ এবং বৈচিত্র্যের উদ্যোগকে অগ্রসর করতে নীতি উপদেষ্টা এবং প্রকল্প ব্যবস্থাপক হিসাবে কাজ করেন। এক্সিকিউটিভ চেম্বারের আগে, প্রিয়া নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার মেলিসা মার্ক-ভিভেরিটো এবং কোরি জনসনের LGBTQ লিয়াজো ছিলেন। প্রিয়া 2019 এবং 2020 সালে সিটি ও স্টেটের "প্রাইড পাওয়ার 100" তালিকায় উল্লিখিত ছিলেন, তিনি আজীবন নিউ ইয়র্কের বাসিন্দা এবং ভাসার কলেজ (Vassar College) থেকে BA করেছেন।

রন জাচ্চি (হি/দে) LGBTQ+ বিষয়ক পরিচালক হিসেবে নিযুক্ত হন। অতি সম্প্রতি, রন NYS ডিভিশন অফ হিউম্যান রাইটসের (NYS Division of Human Rights) জন্য বাহ্যিক সম্পর্ক পরিচালক হিসাবে কাজ করেন। রন এম্পায়ার স্টেট ফেলোস প্রোগ্রামের মাধ্যমে রাজ্যের সরকারে প্রবেশ করেন এবং অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটির (Office of Temporary and Disability Assistance, OTDA) আন্তঃসরকার বিষয়ক সহকারী পরিচালক হিসাবে কাজ করেন। রন বিবাহের সমতা নিয়ে তার এক দশকের কাজ চলাকালীন সরকারী পরিষেবায় তার কর্মজীবন শুরু করেছিলেন, বিশেষত উল্লেখযোগ্যভাবে, ম্যারেজ ইকুয়ালিটি নিউ ইয়র্ক (Marriage Equality New York, MENY)-এর নির্বাহী পরিচালক হিসাবে। রন হফস্ট্রা ইউনিভার্সিটির (Hofstra University) লরেন্স হার্বার্ট স্কুল অফ কমিউনিকেশন (Lawrence Herbert School of Communication) থেকে স্নাতক এবং বারুচ কলেজের (Baruch College) মার্ক্স স্কুল অফ পাবলিক অ্যান্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স (Marxe School of Public and International Affairs) থেকে একটি এক্সিকিউটিভ MPA অর্জন করেছেন, একটি হেগেডর্ন স্কলারশিপ পাওয়ার সাথে।

শ্যানেল লোপেজ (শি/হার) LGBTQ+ বিষয়ক ডেপুটি ডিরেক্টর হিসেবে নিযুক্ত হন। এই ভূমিকার আগে, শ্যানেল নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটসের (New York City Commission on Human Rights) জন্য ট্রান্সজেন্ডার সম্প্রদায়ের লিয়াজো হিসাবে কাজ করেছিলেন, যেখানে তিনি নির্বাচিত কর্মকর্তা এবং বিভিন্ন সম্প্রদায়গুলির সাথে সম্পর্ক গড়ে তোলেন এবং বজায় রাখেন এবং কমিশনের হয়ে জনসম্পৃক্ততার কৌশলগুলির পরিকল্পনা, সমন্বয় এবং বাস্তবায়নে সহায়তা করেছিলেন। পূর্বে, শ্যানেল আলী ফোরনি সেন্টারের (Ali Forney Center) যুব পরামর্শদাতা হিসাবে কাজ করেছিলেন যেখানে তিনি নিরাপদ স্থান তৈরি করতে এবং গৃহহীন LGBTQ+ তরুণ-তরুণীদের জন্য সংকটের কাউন্সেলিং এবং দ্বন্দ্ব সমাধানের মধ্যস্থতা প্রদানের বিষয়ে কাজ করেছিলেন। শ্যানেল মার্টিন লুথার কিং জুনিয়র হাই স্কুল (Martin Luther King Jr. High School) থেকে তার হাই স্কুল ডিপ্লোমা অর্জন করেছেন। তিনি তিনটি ডকুমেন্টারির তারকাও হয়েছেন এবং তাকে ব্রঙ্কস বরোর প্রেসিডেন্ট রুবেন ডিয়াজ জুনিয়র কর্তৃক একটি মেরিট সার্টিফিকেট এবং একটি ঘোষণাপত্র প্রদান করা হয়েছে, এছাড়াও শ্যানেল ডোমিনিকান প্যারেড অ্যাসোসিয়েশন (Dominican Parade Association) দ্বারা সম্মানিত প্রথম ট্রান্সজেন্ডার নারী।

জেনা ফ্রেসিয়ার (দে/শি) এডি উইন্ডসর, মার্শা পি. জনসন এবং সিলভিয়া রিভেরা LGBTQ ফেলো হিসেবে নির্বাচিত হয়েছেন। তারা তিনজন অসাধারণ নিউ ইয়র্কবাসীর উত্তরাধিকারকে সম্মান করবেন বলে আশা করেন যাদের নামানুসারে ফেলোশিপটির নামকরণ করা হয়েছে। জেনা হলেন একজন যোগী এবং সমাজকর্মী যিনি নিরাময় এবং মুক্তির স্থানগুলি সহ-সৃষ্টি করার বিষয়ে উৎসাহী। তারা আই চ্যালেঞ্জ মাইসেলফ (I Challenge Myself) এ অর্থ সংগ্রহ এবং ডিজিটাল কৌশলে নেতৃত্ব দিতে সহায়তা করেন, এটি একটি সংস্থা যা নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলের শিক্ষার্থীদের এনডিওরেন্স সাইক্লিং এর সাথে পরিচয় করিয়ে দিয়ে মন, শরীর এবং আত্মাকে লালনপালন করে এবং একটি LGBTQ+ যুব সাইক্লিং ক্লাব, ফিয়ারলেস ফ্লাইয়ার্সকে (Fearless Flyers) প্রশিক্ষন দেয়। এর আগে, জেনা সাউথ ব্রঙ্কস এবং হারলেমের প্রাথমিক বিদ্যালয়গুলিতে যোগব্যায়াম শেখাতেন এবং NYC জুড়ে বর্ণবাদ-বিরোধী কাঠামোর ভিত্তিতে কিশোর-কিশোরীদের সাথে সম্প্রদায়ের সংগঠিত গ্রুপগুলিকে সহায়তা করেছিলেন। তারা হান্টার কলেজের (Hunter College) সিলবারম্যান স্কুল অফ সোশ্যাল ওয়ার্ক (Silberman School of Social Work) থেকে তাদের MSW এবং নর্থওয়েস্টার্ন ইউনিভার্সিটি (Northwestern University) থেকে সাংবাদিকতায় ব্যাচেলর অফ সায়েন্স প্রাপ্ত হন।

ট্রান্সজেন্ডার ডে অফ ভিজিবিলিটি উদযাপনে আলোকিত করা ল্যান্ডমার্কগুলির মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস (State Fairgrounds) - প্রধান গেট ও এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal) - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন